



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.২২.০০৩.২০১৮/২৩৩/৭

তারিখ : ২৪/১০/১৪২৭ বঙ্গাব্দ  
৭/০২/২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : মৌলভীবাজার জেলার কমলগঞ্জ সরকারি গণ মহাবিদ্যালয়ের দর্শন বিভাগের প্রভাষক হামিদা খাতুন এর জন্ম তারিখ সংশোধন।

- সূত্রঃ ১. ০৯/পনি দপ্তর/২০০৮/৯৮৫৪, তারিখ: ১৬/০৮/২০২০ খ্রি.  
২. কগম/ম:পবি/মাউশি/২০১৯-৭২, তারিখ: ২৫/০৪/২০১৯ খ্রি.  
৩. কগম/ম:পবি/মাউশি/২০২১-০৩, তারিখ: ১৭/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার কমলগঞ্জ সরকারি গণ মহাবিদ্যালয়ের দর্শন বিভাগের প্রভাষক হামিদা খাতুন এমপিও কপিতে তাঁর জন্ম তারিখ ০৫/০৩/১৯৮৭ তারিখের পরিবর্তে ০৫/০৩/১৯৮০ সংশোধনের আবেদন করেন। তাঁর এস.এস.সি সনদটির সঠিকতা যাচাইয়ের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকায় প্রেরণ করা হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর সূত্রোক্ত ১ নং স্মারক মোতাবেক সনদটিতে গড়মিল পাওয়া যায়। সেই প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে অধ্যক্ষের মাধ্যমে জবাব প্রেরণের জন্য বলা হয়। সূত্রোক্ত ৩ নং স্মারক মোতাবেক জবাব প্রেরণ করেন।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর সূত্রোক্ত ০১ নং স্মারক মোতাবেক পত্রে উল্লেখ আছে যে, রেকর্ডে জন্ম তারিখ ০৫/০৩/৭৮ এর প্রেক্ষিতে আপত্তিকৃত সনদের ফটোকপিসহ পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর যোগাযোগের নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, মৌলভীবাজার জেলার কমলগঞ্জ সরকারি গণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুরোধ মোতাবেক ইতোপূর্বে প্রেরিত মূল সনদ এবং প্রাসঙ্গিক কাগজপত্রসহ (এস.এস.সি সনদের নম্বর পত্র, রেজি:কার্ড, প্রবেশ পত্র ইত্যাদি) পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকায় যোগাযোগের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৫/০২/২০২১

(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

কমলগঞ্জ সরকারি গণ মহাবিদ্যালয়  
কমলগঞ্জ, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৪. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার (অধ্যক্ষ কর্তৃক পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলগঞ্জ, জয়পুরহাট।
৬. জনাব হামিদা খাতুন, প্রভাষক (দর্শন বিভাগ), কমলগঞ্জ সরকারি গণ মহাবিদ্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৭. সংরক্ষণ নথি।